

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০২১.২২-১০১৫

তারিখ: ৫ আষাঢ়, ১৪২৯

১৯ জুন ২০২২

বিষয়: রিট পিটিশন নং ১৬০৩/২০২২-এর আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট নং ১৬০৩/২০২২-এর ৩১/০১/২০২২ খ্রিষ্টাব্দের আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলার ৬নং বোকাইনগর ইউনিয়নে বিগত ২৬/০২/২০২১ তারিখের অনুষ্ঠিত নির্বাচনে সরকারি চাকুরীতে নিয়োজিত জনাব মো: আল মুক্তাদির তার তথ্য গোপন করে বেআইনীভাবে চেয়ারম্যান পদে নির্বাচিত হওয়ায় তার নির্বাচন বাতিলের বিষয়টিকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ মোট চার জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং ১৬০৩/২০২২ দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানি অন্ত্যে রুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি রুলনিশি জারি করেন। রিটের ৩নং প্রতিপক্ষ জেলা নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৬০৩/২০২২ মোকদ্দমার আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে...পাতা।



১৯-৬-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: 9540995

ইমেইল: lglaw1@lgd.gov.bd

নির্বাচন অফিসার

জেলা নির্বাচন অফিস, ময়মনসিংহ


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০২১.২২-১০১৫/১(৪)

তারিখ: ৫ আষাঢ়, ১৪২৯

১৯ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১৯-৬-২০২২

মোঃ মহিউদ্দীন শামীম  
সহকারি সচিব